ChildHope
Inspired by children; challenging injustice

GRAMBANGLA
Unnayan Committee

LOTTERY FUNDED

# POLICY BRIEF

## Legal Accreditation for the Informal Sector Waste Pickers and Their Formal Involvement in Municipal Waste Management System: An Opportunity for Their Decent Occupation & Sustainable Livelihood

December 2017

### Key Messages:

- Though the waste pickers contribute a lot to environment and green economy, their contribution is not legally accredited and acknowledged by government or society and is virtually invisible.
- Waste pickers are not acknowledged as an occupational group in the national database (e.g. Labour Force Survey of Bangladesh Bureau of Statistics) and therefore are normally excluded from the social security system and other benefits.
- Legal accreditation of informal waste pickers is needed for their inclusion in the National Database (e.g. Labour Force Survey of Bangladesh Bureau of Statistics) which will enable the policy planners to include the waste pickers in national development plans;
- Implementation of the above-mentioned steps will help achieve the Sustainable Development Goals (Goal- 1, 2, 3, 4, 5, 6, 8, 10, 11, 12 and 13) and it will facilitate to accomplish the theme "No one is left behind".

**Introduction:** Waste Pickers are informal group of people engaged in searching, collecting, sorting, processing and selling of wastes and thus they earn their livelihood. Almost all the waste pickers had to migrate from rural areas to cities because of poverty, family crises, climate change effects and natural disasters.

According to an estimate there are 400,000 waste pickers in Bangladesh (Maksud 2010). In Dhaka alone, approximately 120,000 urban poor are involved in the recycling trade chain. 15% of the total generated waste in Dhaka amounting to 475 tons/day are recycled daily (Department of Environment 2009) mainly by the waste pickers.

In 2005, Bangladesh used 263,000 tons recycled resin i.e. raw materials of plastic waste. Use of this recycled plastic waste saved import cost of US$405 million. In Dhaka City Corporation (DCC) area, 22,792 persons were working in the plastic waste recycling sector. In terms of employed labor force of DCC area, it is 1 percent (Enayetullah 2006). Bangladesh expects to achieve a market size of plastic products of $4 billion by 2020 from $1 billion in 2008 (UNESCAP 2011).

The market size of waste materials (*Jhoot* in popular term) from Ready-made garment factories is over Tk. 20 billion.



*Informal waste pickers in the streets & public places of Dhaka City*

Around 150,000 people are currently employed in the informal garment waste (*Jhoot*) recycling sector (Dhaka Tribune, 22 Nov 2014). Approximately, 3,420 tons of lead is recovered per year from used lead-acid batteries in Bangladesh especially by the waste pickers and savings from import replacement was an estimated at Tk.360 million (Waste Concern). In 2014-15 fiscal year, Bangladesh exported animal guts, bladders and stomachs – things that are almost always disposed off as wastes-worth a staggering US$14.71m. Animal guts, bladders and stomachs were previously considered just as food of dogs and foxes at the waste dump site, but currently these are valuable export items for earning




*Waste pickers are busy for collecting waste from the municipal dump site*

foreign currencies. Exporting of a container of animal guts, bladders and stomachs i.e. about 27 tons of processed items to China, Thailand, Vietnam or Hong Kong brings about US$ 0.2 million. Buffalo omasum soup and omasum salad are quite popular in those countries for their unique taste (The Daily Star, 18 September 2017.That same year, export of cattle bones and horns fetched US$3.38 million (Dhaka Tribune, 29 September 2015). All these waste materials are recovered, collected, sorted and processed and sent to industries for recycling by the waste pickers from street, public places, dustbins and dump sites.

## Crises and Challenges of the Waste Pickers in Securing Sustainable Livelihood

Waste pickers significantly contribute to promote urban environment and green economy of the country, but they are not formally involved in Municipal Solid Waste Management (MSWM) system by the City Corporations and Municipalities. Though the waste pickers act as the primary processor in recycling process and play a crucial role in MSWM of Cities and Towns, they are not recognized as public service providers or "green workers" and have no formal link to City Corporations and Municipalities or industries. They work as invisible and unacknowledged workforce and do not have any legal accreditation for their services.

At every point where waste is handled, they are exposed to contaminated and toxic materials. There is great risk of injury, especially at open dumps where they can be run over by trucks or become the victims of surface subsidence, slides and fires (WIEGO). They collect waste without any safety measure like wearing shoes, musk or gloves. Waste pickers endure occupational hazards such as collecting wastes through bending of their body i.e. body postures, heavy lifting, carrying heavy sacksfull of wastes for hours on their back and head, pulling vans of



*Workers are busy with sorting waste material in a recycling shop*

household wastes, loading-unloading of waste form municipal trucks and vans and handling of those household wastes with bare hands and feet.

The Department of Environment has developed the draft Solid Waste Management Rules (SWMR). As an effect of the upcoming SWMR, there will be a big boost to the recycling sector and its economy (The Independent, 9 August 2017). But it is unclear that how this SWMR will involve the informal waste pickers in MSWM system and acknowledge their contribution and how the new SWMR will affect the lives and livelihood of the informal waste pickers. There is a possibility that due to this upcoming SWMR for MSWM the whole waste recycling business is going in the hands of big waste business enterprises that may jeopardize the livelihoods of the informal waste pickers and other recycling workers. Introduction of SWMR may appear as a threatening issue for livelihoods of waste pickers who have traditionally collected, sorted and added value to waste. Moreover, new industries and big corporations may compete for the same recyclable materials that waste pickers have traditionally relied on for their occupations and to earn their livelihood. Currently, there is no option for formal involvement of the informal sector waste pickers in MSWM system by the City Corporations and Municipalities to save the lives and livelihood of these waste pickers.

A recent estimate shows that Dhaka City Dwellers pay Tk.2.4 billion a year as household waste disposal service charges. The concern is that who is taking care of the occupational safety, decent job environment, and fair wages of the household waste collection van workers (Prothom Alo, 18 September 2017). Obviously, there is no initiative from the authorities of City Corporations, Municipalities or any Government Department for the wellbeing of these informal household waste collection van workers.

A study finding showed that a large majority of waste pickers (85.3%) are illiterate. Majority of the waste pickers do not have any birth registration certificates or National ID cards; therefore, they cannot have access to the Social Safety Net Programs. In 2013, 42.0 percent of the waste pickers could not afford to arrange three full meals a day during the last 12 months (Maksud 2017). Because of the vicious cycle of poverty, waste picker children are unable to access education, adolescents are unable to develop the skills needed to access alternative occupation and women, often single mothers, are unaware of their rights or how to change their situation. A combination of lack of empowerment, knowledge, skills, aspirations, birth certificates and National ID Card is keeping waste pickers in inhumane conditions with little hope for a sustainable and decent occupation.

Waste pickers are often subject to social stigma, discrimination and harassment by the community people, law enforcing agencies and different authorities. They are discriminated because of their poverty conditions, current state of indecent jobs and lack of social and legal acknowledgement. As a consequence, they are excluded from engagement with people in neighborhoods and waste

facilities. The recent trend of restricting and prohibiting access of the informal waste pickers to waste, waste transfer stations and municipal waste dump sites making their livelihood more vulnerable and unsustainable.

Waste pickers are vulnerable to dramatic price fluctuations, exploitation by middlemen, and artificially low prices. The recent trend of reduction in prices of the recyclable materials means this could leave thousands of informal waste pickers without enough income to even cover their minimum basic requirements for survival. Waste Pickers are especially exploited by the intermediaries of the recycling supply chain, because individually, they cannot provide the desired consistency in high quality and large volume for recyclables. Waste Pickers have to collect *Dadon* (advance payment/loan) from the waste trading shop (*Bhangari*) owners in their desperate needs on condition that they must sell all the collected recyclables to the respective lenders. Thus, they loss their bargaining power in selling their collected recyclables. Moreover, a waste picker always lacks in required capital, appropriate recycling technologies and access to waste materials. Sometimes access to waste materials has to gain in exchange of money and by compromising with situations those violates children and women rights and protection.

Waste Pickers get infected with dangerous diseases and becoming physically unable to earn a livelihood when they unsafely deals with medical wastes (e.g. needles, scalpels, reagents, medicines, solvent, human tissues, body parts, fetus, infectious waste such as blood and body fluids etc.). Unsafe disposal of medical wastes in nearby dustbins and waste dump sites attract stray animals and waste pickers and become breeding grounds for vector-borne, water-based and fecal-oral infections (MOHFW 2017). Thus, waste pickers are losing their health and livelihoods. However, effective implementation of the Bangladesh Environment Conservation (Amendment) Act 2010 and Medical Waste (management and processing) Rule, 2008 can protect the live and livelihood of the waste pickers.

Lack of access to services and entitlements by the waste picker community of Dhaka city may appear as a major barrier to achieve the Sustainable Development Goals (SDG) like –"No Poverty (Goal 1)", " Zero Hunger (Goal 2)", "Good Health and Well-being (Goal 3), "Quality Education (Goal 4), "Gender Equality (Goal 5)", "Clean Water and Sanitation (Goal 6)", "Decent Work and Economic Growth (Goal 8), "Reduced Inequalities (Goal 10)", "Sustainable Cities and Communities (Goal 11)", "Responsible Consumption and Production (Goal-12)" and "Climate Action (Goal 13)". In addition, still no support from government or donor agencies is visible for waste-pickers in Bangladesh for their human development.

## Rights to Decent Work and Right to Entitlements of the Waste Pickers

The principal route out of poverty is work. But this happens only when work is decent, productive, provides fair wages, underpinned by rights. Decent work contributes directly to poverty eradication and reduction of income inequality.

Article-15 of the Constitution of Bangladesh says that "It shall be a fundamental responsibility of the State to attain…(b) the right to work, that is the right to guaranteed employment at a reasonable wage having regard to the quantity and quality of work.The right to work is enshrined in the Universal Declaration of Human Rights and recognized in the International Covenant on Economic, Social and Cultural Rights. Moreover, "Article-15 of the Constitution of Bangladesh says that "It shall be a fundamental responsibility of the State to attain…(d) the right to social security, that is to say, to public assistance in cases of undeserved want arising from unemployment, illness or disablement, or suffered by widows or orphans or in old age, or in other such cases". So, there is a constitutional obligation to ensure rights to decent work and sustainable livelihood, legal accreditation and acknowledgement of the work of waste pickers as a dignified profession.

The ILO Decent Work Agenda (DWA) provides a useful, rights-based reference for the understanding of decent work (International Trade Union Confederation 2012). Decent work is central to sustainable poverty reduction and sustainable development (ILO 2013).



*Waste Pickers engaged in waste collection from urban households in Dhaka City*

## Strategy: Legal accreditation and formal job for the informal waste pickers by the City Corporations

In Local Government (municipality) Ordinance, 2009, it has been stated that "(3.1) A municipality shall make adequate arrangements for the removal of refuse from all public streets, public latrines, urinals, drains, and all buildings and land vested in the municipality and for the collection and proper disposal of such refuse… (3.4) All refuse removed and collected by the staff of the municipality or under their control and supervision and all refuse deposited in the dustbins and other receptacles provided by the municipality shall be the property of the municipality (Bangladesh Gazette, 5th October 2010).

Although informal waste pickers contribute a lot for waste collection, recovery, reuse and recycling but municipal authority neither pay for their works nor acknowledge their

contribution to municipal waste management. As a result, despite of all the contribution to the country's recycling and green economy and environment, they are invisible in the national statistics and excluded from social security system (old age allowance, disability allowance, maternity allowance, widow allowance, vulnerable group feeding/development program etc.) and other benefits of formal contracting. So, engaging the informal waste pickers in formal jobs by the city corporations, legal accreditation and acknowledgement of the contribution of the informal waste pickers is essential to ensure decent occupation and sustainable livelihood for them as citizens of Bangladesh.

## Benefits of Legal Accreditation of the Waste Pickers

1. Legal accreditation of informal waste pickers will help them to be acknowledged as worker and accelerate the process of their inclusion as a category of work in the National Labour Force Database.
2. Formal involvement of the waste pickers or out-contracting the waste management related jobs to waste pickers or their cooperatives in MSWM System will acknowledge their contribution in promoting urban environment and national economy and pave the way for sustainable livelihood for waste pickers.
3. Official data on waste pickers and recycling industry will help the policy planners in formulating effective policies and interventions for integrating waste pickers in MSWM and national development plans to achievethe SDGs.

## Policy Recommendation

1. City Corporations and Municipalities should employ the informal waste pickers in formal jobs in the Municipal Waste Management Systems.
2. Waste Pickers work in a very hazardous and risky environment without any occupational safety measure or skills. Government, DCC and development partners should emphasize on providing occupational safety equipment and occupational safety training to waste pickers.
3. DCC should protect and promote the waste pickers engaged in household waste collection service with occupational safety equipment, training, legal accreditation and formal employment.
4. Because of poverty, sickness or accidents waste pickers are highly exposed to economic shock and it becomes almost impossible for them to get recovered. Government should adopt special Safety Net Programs for the waste pickers.
5. Waste pickers especially child waste pickers are deprived of access to education, technical and vocational training and health care services. The government should allocate a special budget for the human development of the waste picker community.
6. Skill training on recycling, transfer of appropriate technologies to waste pickers and entrepreneurship development opportunities for waste pickers and small recyclable material traders are required to promote green business i.e. recycling activities to promote decent jobs and sustainable cities.
7. Govt. should act to finalize and implement SWMR to protect health, maintain standards of waste handling and livelihood.

## *Reference:*


1. Bangladesh Gazette (5th October 2010). Ordinance issued for the amendment of local government (municipality) ordinance, 2009
2. Dhaka Tribune (17 January 2014). *Battery recycling ruining children's lives*, Dhaka, Bangladesh.
3. Dhaka Tribune (22 November 2014). *Rags to riches: The prospects of recycled RMG by-products,* Dhaka.
4. Dhaka Tribune (29 September 2015). *Making millions from dustbins,* Dhaka, Bangladesh.
5. Department of Environment, MoEF, GoB (2009). *National 3R Strategy for Waste Management*, Dhaka.
6. Enayetullah, Iftekhar & et al. (2006). *Report on Composition of Plastic Waste and Market Assessment of the Plastic Recycling Sector in Dhaka City*, Waste Concern and Katalyst, Dhaka.
7. Govt. of Bangladesh. *The Bangladesh Environment Conservation (Amendment) Act 2010.*
8. Govt. of Bangladesh. *Medical waste (management and processing) Rule, 2008*
9. International Covenant on Economic, Social and Cultural Rights
10. International Trade Union Confederation (2012). *Decent Work in the Post-2015 Development Agenda*, Briefing note, Brussels, Belgium.
11. ILO (2013). Decent work indicators: guidelines for producers and users of statistical and legal framework indicators: ILO Manual, Geneva.
12. Maksud, A K M (2010). *Inhumane Conditions of the Waste Pickers of Dhaka City*, Grambangla Unnayan Committee, Dhaka, Bangladesh.
13. Maksud, A K M, et al. (2017). *Waste Pickers and Recycling Industry of Dhaka City*, Grambangla Unnayan Committee, Dhaka, Bangladesh.
14. Medina, Martin (2007). *The World's Scavengers: Salvaging for Sustainable Consumption and Production*, UK.
15. Ministry of Health and Family Welfare (MOHFW), Government of the People's Republic of Bangladesh (2017). *Environmental Management Framework.*
16. Prothom Alo (18 September 2017). *Waste-Trade of Tk.240 crore in Dhaka: Controlled by the Powerful Political Leaders,* Dhaka.
17. The Daily Star (21 December 2017). *Waste, but not useless,* Dhaka.
18. The Financial Express (18 Nov 2016). *Export of plastic goods fetches $49.18 million in four months*, Dhaka.
19. The Independent (9 August 2017). *DoE Drafts Solid Waste Management Rules with provision of fine*, Dhaka, Bangladesh.
20. The Constitution of the Peoples'Republic of Bangladesh
21. United Nations ESCAP (2011). *Enabling Environment for the Successful Integration of Small and Medium-sized Enterprises in Global Value Chains: Country Studies on Bangladesh, Nepal and Sri Lanka*, Thailand.
22. Universal Declaration of Human Rights
23. Waste Concern, MoEF and UNDP. *Lead Acid Battery Recycling in Bangladesh*, Dhaka, Bangladesh.
24. WIEGO. *Waste Pickers: The Right to Be Recognized as Workers,* USA.



GRAMBANGLA
Unnayan Committee

**GRAMBANGLA UNNAYAN COMMITTEE**

House 93, Road 1 (1st Floor), Mohammadia Housing Society, Mohammadpur, Dhaka-1207, Bangladesh
E-mail: grambangla@yahoo.com, web: www.grambanglabd.org
Phone: +88-02-8105000, +8801715020055

ChildHope
Inspired by children, challenging injustice

GRAMBANGLA
Unnayan Committee

BIG LOTTERY FUND
LOTTERY FUNDED

# পলিসি ব্রিফ

# বর্জ্য ব্যবস্থাপনায় নিয়োজিত অপ্রাতিষ্ঠানিক খাতের বর্জ্য শ্রমিকদের আইনি স্বীকৃতি এবং পৌর বর্জ্য ব্যবস্থাপনায় তাদের প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা: মর্যাদাসম্পন্ন শোভন পেশা এবং টেকসই জীবিকায়নের সুযোগ

ডিসেম্বর ২০১৭

## মূল বার্তা:

- আমাদের পরিবেশ ও সবুজ অর্থনীতিতে অপ্রাতিষ্ঠানিক খাতের বর্জ্যজীবীরা অসামান্য অবদান রাখা সত্ত্বেও তাদের এই অবদানের আইনি স্বীকৃতি না থাকায় সরকার কিংবা সমাজ তাদের এই অবদানের কথা স্বীকার করে না; যার ফলে তাদের এই অসামান্য অবদান মূলত অদৃশ্যই রয়ে যায়।
- অপ্রাতিষ্ঠানিক খাতের বর্জ্যজীবীরা জাতীয় তথ্যভান্ডারে (যেমন পরিসংখ্যান ব্যুরোর লেবার ফোর্স সার্ভে অনুযায়ী) একটি পেশাগত গোষ্ঠী হিসেবে স্বীকৃত নয়, যার ফলে তারা সাধারণত বিভিন্ন সামাজিক নিরাপত্তা কর্মসূচি এবং সরকার প্রদত্ত অন্যান্য সুবিধা থেকে বাদ পড়ে যায়।
- অপ্রাতিষ্ঠানিক বর্জ্যজীবীদের একটি পেশাগত গোষ্ঠী হিসেবে জাতীয় তথ্যভান্ডারে অন্তর্ভুক্তির জন্য তাদের আইনি স্বীকৃতি প্রয়োজন (পরিসংখ্যান ব্যুরোর লেবার ফোর্স সার্ভে অনুযায়ী)। এর ফলে জাতীয় উন্নয়ন পরিকল্পনায় তাদের অন্তর্ভুক্তির পথ সুগম হবে।
- উপরোক্ত উদ্যোগসমূহ সফল হলে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (লক্ষ্য- ১, ২, ৩, ৪, ৫, ৬, ৮, ১০, ১১, ১২ ও ১৩) অর্জন সম্ভব হবে এবং টেকসই উন্নয়নের মূলমন্ত্র ***"কাউকে পশ্চাতে না রাখা"***-র নীতির সফল বাস্তবায়ন সম্ভব হবে।

**ভূমিকা:** বর্জ্যজীবীরা হচ্ছে-অপ্রাতিষ্ঠানিক পেশায় নিয়োজিত একটি জনগোষ্ঠী যারা বর্জ্য থেকে পুনঃব্যবহারযোগ্য দ্রব্যসামগ্রী সংগ্রহ করে তা বাছাই, প্রক্রিয়াজাতকরণ এবং বিক্রি করে তাদের জীবিকা নির্বাহ করে থাকে। অধিকাংশ বর্জজীবী তাদের সীমাহীন দারিদ্র্য, পারিবারিক সমস্যা, জলবায়ু পরিবর্তনের নেতিবাচক প্রভাব কিংবা প্রাকৃতিক দুর্যোগে সর্বস্বান্ত হয়ে গ্রাম ছেড়ে শহরে আসতে বাধ্য হয়েছে।

এক গবেষণা থেকে জানা যায়, বাংলাদেশে প্রায় ৪ লাখ লোক বর্জ্যজীবী (মাকসুদ, ২০১০)। শুধুমাত্র ঢাকা মহানগরীতেই প্রায় ১ লাখ ২০ হাজার দরিদ্র মানুষ বর্জ্য পুনঃচক্রায়ন বাণিজ্যের বিভিন্ন পর্যায়ের সাথে জড়িত। প্রতিদিন ৪৭৫ টন বর্জ্য পুনঃচক্রায়নের কাজ মূলত বর্জ্যজীবীরাই করে থাকে যা ঢাকায় প্রতিদিন উৎপাদিত মোট বর্জ্যের শতকরা ১৫ ভাগ (পরিবেশ অধিদপ্তর, ২০০৯)।


২০০৫ সালে বাংলাদেশে প্লাস্টিক সামগ্রী উৎপাদনের জন্য ২ লাখ ৬৩ হাজার টন পুনঃচক্রায়িত রেজিন বা প্লাস্টিক তৈরির কাঁচামাল ব্যবহৃত হয়। এতে করে দেশের প্রায় ৪০.৫ কোটি মার্কিন ডলার আমদানী ব্যয় বাঁচানো সম্ভব হয়। ঢাকা সিটি কর্পোরেশন (ডিসিসি) এলাকায় প্লাস্টিক বর্জ্য পুনঃচক্রায়নের কাজে ২২,৭৯২ লোক জড়িত যা ডিসিসি এলাকায় কর্মরত মোট শ্রমশক্তির ১ শতাংশ (এনায়েতুল্লাহ, ২০০৬)। এটি প্রত্যাশা



*ঢাকা মহানগরীর ব্যস্ততম প্রধান সড়ক ও উন্মুক্ত স্থানে দৈনন্দিন বর্জ্য সংগ্রহে অপ্রাতিষ্ঠানিক বর্জ্যজীবী শিশু ও প্রবীণের পথচলা*

করা যায় যে, আগামী ২০২০ সাল নাগাদ বিশ্ব বাজারে বাংলাদেশের প্লাস্টিক সামগ্রীর বাজার মূল্য বেড়ে গিয়ে ৪০০ কোটি মার্কিন ডলারে পৌঁছাবে, ২০০৮ সালে যা ছিল ১০০ কোটি মার্কিন ডলার সমমূল্যের (ইউএনএসক্যাপ ২০১১)।

তৈরী পোশাক শিল্প কারখানার বর্জ্য (প্রচলিত অর্থে *'ঝুট'*) এর বাজার মূল্য ২,০০০ কোটি টাকারও বেশি। বর্তমানে প্রায় ১ লাখ ৫০ হাজার লোক তৈরী পোশাক শিল্পের বর্জ্য (ঝুট) পুনঃচক্রায়ন কাজের সাথে জড়িত (ঢাকা ট্রিবিউন, ২২ নভেম্বর ২০১৪)। এক হিসাবে দেখা যায়, প্রতি বছর বর্জ্যজীবীদের মাধ্যমে সংগৃহীত লেড-এসিড ব্যাটারি পুনঃচক্রায়নের ফলে প্রায় ৩,৪২০ টন লেড (সীসা) পুনরুদ্ধার করা সম্ভব হয় যার আমদানি মূল্য



*বর্জ্যজীবীরা একটি পৌর বর্জ্যস্তুপ থেকে বর্জ্য সংগ্রহের কাজে ব্যস্ত*

প্রায় ৩৬ কোটি টাকা (ওয়েস্ট কনসার্ন)। ২০১৪-২০১৫ অর্থ বছরে পশুর বর্জ্য (নাড়ি-ভুড়ি) রপ্তানী করে ১ কোটি ৪৭ লাখ ডলার আয় হয়। নাড়ি-ভুড়ি যা এতকাল ময়লার ভাগাড়ে কুকুর-শেয়ালের খাদ্য ছিল, তা এখন একটি মূল্যবান জাতীয় রপ্তানী পণ্য। এক কন্টেইনার অর্থাৎ ২৭ টন প্রক্রিয়াজাতকৃত গরু-মহিষের নাড়ি-ভুড়ি চীন, থাইল্যান্ড, ভিয়েতনাম কিংবা হংকং-এ রপ্তানী করতে পারলেই মিলছে প্রায় ২ লাখ ডলার বৈদেশিক মুদ্রা। এই নাড়ি-ভুড়িই হচ্ছে তাদের সুস্বাদু স্যুপ আর সালাদ তৈরির খাদ্য উপকরণ (দি ডেইলী স্টার, ২১ ডিসেম্বর ২০১৫)। ঐ একই বছরে গবাদি পশুর হাড় ও শিং রপ্তানী করে প্রায় ৩৪ লাখ মার্কিন ডলার আয় হয় (ঢাকা ট্রিবিউন, ২৯ সেপ্টেম্বর ২০১৫)। এসব পুনব্যবহারযোগ্য বর্জ্যসামগ্রী বর্জ্যজীবীরা রাস্তা, উন্মুক্ত স্থান, বর্জ্য ফেলার পাত্র এবং বর্জ্যস্তুপ থেকে সংগ্রহ করে এবং এসব সামগ্রী বাছাই ও প্রক্রিয়াজাত করে পুনঃচক্রায়নের জন্য কারখানায় পাঠিয়ে থাকে।

## টেকসই জীবিকা সংস্থানে বর্জ্যজীবীদের সংকট এবং চ্যালেঞ্জ

শহরের পরিবেশ রক্ষায় এবং দেশের সবুজ অর্থনীতি উন্নয়নে বর্জ্যজীবীরা উল্লেখযোগ্য ভূমিকা রাখা স্বত্ত্বেও তারা সিটি করপোরেশন ও পৌরসভা কর্তৃক পরিচালিত পৌর বর্জ্য ব্যবস্থাপনার সাথে প্রাতিষ্ঠানিকভাবে জড়িত নয়। অপ্রাতিষ্ঠানিক বর্জ্যজীবীরা মূলত পুনঃচক্রায়ন প্রক্রিয়ার প্রাথমিক প্রক্রিয়াজাতকারী এবং তারাই সিটি করপোরেশন ও পৌরসভা কর্তৃক পরিচালিত পৌরসভা বর্জ্য ব্যবস্থাপনায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে; অথচ তারা সরকারি পরিসেবা দানকারী বা পরিবেশবান্ধব "সবুজ কর্মী" হিসেবে স্বীকৃত নয় এবং সিটি করপোরেশন ও পৌরসভা এবং শিল্প প্রতিষ্ঠানের সাথেও এদের কোন ধরনের প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা নেই। তারা অদৃশ্য এবং স্বীকৃতিহীন কর্মী হিসেবেই পরিসেবা দিয়ে যায়, যার জন্য তাদের কোনও আইনি স্বীকৃতি নেই।

বর্জ্য সংগ্রহ ও প্রক্রিয়াজাতকরণের প্রতিটা ক্ষেত্রেই বর্জ্যজীবীদের দূষিত ও বিষাক্ত দ্রব্যের সংস্পর্শে আসার সম্ভাবনা থাকে। বর্জ্যস্তুপগুলো উন্মুক্ত স্থানে থাকায় বর্জজীবীরা আবর্জনা বহনকারী ট্রাকের তলায় পিষ্ট হওয়া, আবর্জনা স্তুপের চোরাগর্তে পড়া যাওয়া, বিষাক্ত গ্যাসে আক্রান্ত হয়ে পড়া, আগুনে পোড়া, বর্জ্যস্তুপ ধ্বসে পড়া, এধরনের নানাবিধ দূর্ঘটনায় আক্রান্ত হওয়ার অনেক ঝুঁকির মধ্যে থাকে (উইগো)। বর্জ্যজীবীরা কোনরকম নিরাপত্তা উপকরণ ছাড়াই যেমন- জুতা, মাস্ক কিংবা গ্লোভ্স ব্যবহার না করেই বর্জ্য



*বর্জ্য সামগ্রী বাছাই কাজে ভাঙ্গারী দোকানে ব্যস্ত একটি বর্জ্যজীবী পরিবার*

সংগ্রহ করে থাকে। সেই সাথে ক্রমাগত ঝুঁকে কাজ করা, ভারী জিনিস তোলা, ঘন্টার পর ঘন্টা ধরে আবর্জনার ভারী বোঝা কাঁধে-পিঠে কিংবা মাথায় নিয়ে বয়ে বেড়ানো, বাসাবাড়ির বর্জ্য বহনকারী রিক্সা-ভ্যান টেনে নেয়া অথবা খালি হাত-পায়ে বর্জ্য ঘাটার কারণে তারা নানা ধরনের বিপদের সম্মুখীন হয়ে থাকে।

এটি অত্যন্ত আশার কথা যে, সম্প্রতি পরিবেশ অধিদপ্তর একটি খসড়া "কঠিন বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা" প্রণয়ন করেছে। এই বিধিমালা কার্যকর হলে রিসাইক্লিং বা পুনঃচক্রায়ন খাত এবং এর অর্থনীতিতে বিরাট প্রভাব পড়বে *(দি ইনডিপেনডেন্ট, ৯ আগস্ট ২০১৭)*। তবে, "কঠিন বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা"-র মাধ্যমে অপ্রাতিষ্ঠানিক বর্জ্য শ্রমিকদেরকে পৌর বর্জ্য ব্যবস্থাপনায় কিভাবে সম্পৃক্ত করা হবে এবং তাদের অবদানের স্বীকৃতি দেয়া হবে- তা এখনও সুস্পষ্ট নয়; এ ছাড়া, বর্জ্য নিষ্কাশন ব্যবস্থার এই নতুন নিয়ম-কানুন অপ্রাতিষ্ঠানিক বর্জ্যজীবীদের জীবন ও জীবিকার উপর কী ধরনের প্রভাব ফেলবে সেটিও অস্পষ্ট রয়ে গেছে। এমনকি এমন সম্ভাবনাও রয়েছে যে- এই আসন্ন "কঠিন বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা" প্রণয়নের ফলে বর্জ্য পুনঃচক্রায়ন ব্যবসার পুরোটাই ধনিক শ্রেণির ব্যবসায়ীদের হাতে চলে যেতে পারে, যার ফলে অপ্রাতিষ্ঠানিক বর্জ্যজীবী এবং পুনঃচক্রায়ন কর্মীদের জীবন-জীবিকা ঝুঁকির মধ্যে পড়তে পারে। ধারণা করা হচ্ছে- "কঠিন বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা" প্রণয়নের ফলে এতদিন ধরে যারা বর্জ্য সংগ্রহ বা বাছাই করে জীবিকা নির্বাহ করে আসছিল, তাদের জীবিকাও হুমকির সম্মুখীন হবে। উপরন্তু, নতুন শিল্প কারখানা ও বৃহৎ প্রতিষ্ঠানগুলো পুনঃচক্রায়নযোগ্য বর্জ্যসামগ্রীর জন্য প্রতিযোগিতায় নেমে পড়বে যা ছিল অপ্রাতিষ্ঠানিক বর্জ্যজীবীদের এতদিনকার জীবিকার একমাত্র পথ। বর্তমান ব্যবস্থায় অপ্রাতিষ্ঠানিক বর্জ্যজীবীদের জীবন ও জীবিকা রক্ষার্থে তাদেরকে প্রাতিষ্ঠানিকভাবে পৌর বর্জ্য ব্যবস্থাপনার কর্মী হিসেবে অন্তর্ভুক্ত করার কোন উপায়ও নেই।

এক হিসেবে দেখা যায় যে, ঢাকা শহরে বসবাসকারীরা তাদের বাসাবাড়ির উচ্ছিষ্ট বর্জ্য অপসারণের জন্য বছরে ২৪০ কোটি টাকা ব্যয় করে থাকে। প্রশ্ন হলো- এত টাকার পরিসেবা ব্যবসায় অমানবিক পরিবেশ পরিস্থিতিতে কর্মরত বর্জ্য সংগ্রহকারীদের জীবিকা সুরক্ষা, পেশাগত ও স্বাস্থ্য ঝুঁকি হ্রাসকল্পে সরকার, সিটি কর্পোরেশন ও পৌরসভাগুলো কী অবদান রাখছে? (প্রথম আলো, ১৮ সেপ্টেম্বর ২০১৭)। সত্যিকার অর্থে, বাসাবাড়ি থেকে বর্জ্য সংগ্রহকারী এসব অপ্রাতিষ্ঠানিক কর্মীর জন্য সিটি কর্পোরেশন, পৌরসভা বা অন্য কোনও সরকারি দপ্তর থেকে কখনও কোনও ধরনের কল্যাণকর উদ্যোগ গ্রহণ করা হয়নি।

২০১৩ সালের এক গবেষণায় দেখা যায়, অধিকাংশ বর্জ্যজীবী (৮৫.৩%) অক্ষরজ্ঞানহীন অর্থাৎ তারা পড়তে কিংবা লিখতে এবং সহজ হিসাব করতে পারেনা। বেশিরভাগ বর্জজীবীদেরই জন্ম নিবন্ধন সনদ বা জাতীয় পরিচয় পত্র নেই, যার ফলে তারা সরকারি সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতাধীন সব ধরনের সুযোগ-সুবিধার বাইরে রয়ে যায়। ৪২.০ শতাংশ বর্জ্যজীবী গত ১২ মাসে তিনবেলা ভরপেট খাবার যোগাতে ব্যর্থ হয়েছিল (মাকসুদ, ২০১৭)। দারিদ্র্যের দুষ্টচক্রের কারণে বর্জ্যজীবী শিশুরা শিক্ষা লাভে ব্যর্থ হয়, কিশোর-কিশোরীরা অন্য পেশায় যাওয়ার জন্য প্রয়োজনীয় দক্ষতা অর্জন করতে পারেনা এবং সেই সাথে কর্মজীবী নারীরা- যাদের অধিকাংশই তালাকপ্রাপ্তা, বিধবা বা স্বামী পরিত্যাক্তা তারা তাদের অধিকার আদায়ের এবং জীবন পরিবর্তনের ভাল কোন উপায় খুঁজে পেতে ব্যর্থ হয়। ক্ষমতায়ন, প্রয়োজনীয় জ্ঞান ও দক্ষতা, উচ্চাকাঙ্খা, জন্ম নিবন্ধন সনদ এবং জাতীয় পরিচয় পত্র এসবের অভাবে বর্জ্যজীবীরা একটি টেকসই ও শোভন পেশা লাভের এক ক্ষীণ আশা নিয়ে মানবেতর জীবন যাপন করে আসছে।

বর্জ্যজীবীরা প্রায়শই তাদের আশেপাশের মানুষ, আইন প্রয়োগকারী সংস্থা এবং বিভিন্ন কর্তৃপক্ষের দ্বারা নানা প্রকার লাঞ্চনা-বঞ্চনা, বৈষম্য এবং হয়রানির শিকার হয়ে থাকে। তারা বৈষম্যের শিকার হয় মূলত তাদের সীমাহীন দারিদ্র্য ও অশোভন পেশায় নিয়োজিত থাকার কারণে যার কোন ধরনের সামাজিক ও আইনি স্বীকৃতি নেই। এতে করে তারা অশোভন পেশার এক মর্যাদাহীন জীবনে অভ্যস্ত হয়ে পড়ে। ফলশ্রুতিতে প্রতিবেশীরাও তাদের সংশ্রব ত্যাগ করে এবং বর্জ্য সংগ্রহের সুযোগও অনেক ক্ষেত্রে তাদের জন্য দুষ্কর হয়ে ওঠে। সাম্প্রতিককালে নগরের বিভিন্ন বর্জ্য স্থানান্তর স্টেশন ও পৌর বর্জ্য ডাম্পসাইটে অপ্রাতিষ্ঠানিক বর্জ্যজীবীদের প্রবেশের ক্ষেত্রে বিধি-নিষেধ আরোপের ফলে তাদের জীবিকা অনিশ্চয়তা ও অস্থিতিশীলতার মুখে পড়েছে।

বর্জ্যের বাজার দরের অস্বাভাবিক ওঠা-নামা, ফড়িয়াদের দ্বারা শোষণ এবং কৃত্রিমভাবে বাজার দর কমিয়ে রাখার ফলে বর্জ্যজীবীদের জীবন ও জীবিকা বর্তমানে সংকটের সম্মুখীন। রিসাইক্লিং বা পুনঃচক্রায়নযোগ্য দ্রব্যের এই সাম্প্রতিক দর পতনের অর্থ হল হাজার হাজার বর্জ্য শ্রমিকের উপার্জন আশংকাজনক হারে কমে যাওয়া যার ফলে তারা তাদের জীবনধারণের ন্যূনতম মৌলিক চাহিদা পূরণে ব্যর্থ হচ্ছে। বর্জ্যজীবীরা প্রধানত দালাল বা ফড়িয়াদের দ্বারা সবচেয়ে বেশি শোষিত হয়, কারণ একা একজন বর্জ্যজীবীর পক্ষে মানসম্মত এবং অধিক পরিমান পুনঃচক্রায়িত মালামাল সরবরাহ করাটা প্রায় ক্ষেত্রেই সম্ভব হয়না। বর্জ্যজীবীদের সংকটকালীন সময়ে তারা বর্জ্য দোকানদারদের (ভাঙ্গারি দোকানের মালিক) কাছ থেকে *দাদন* (অগ্রিম অর্থ/ঋণ) নিয়ে থাকে; আর সেই সুযোগে ভাঙ্গারি দোকানের মালিকেরা শর্ত দেয়, ঋণগ্রহীতা যত বর্জ্য সংগ্রহ করবে তার সবটুকুই ঐ বর্জ্য দোকানের মালিকের কাছে বিক্রি করতে বাধ্য থাকবে। এতে করে বর্জ্যজীবীরা তাদের সংগৃহীত বর্জ্য অপেক্ষাকৃত কম মূল্যে বিক্রি করে থাকে এবং এভাবেই বর্জ্যজীবীরা বর্জ্য বিক্রির ক্ষেত্রে দর কষাকষির পুরো ক্ষমতা হারিয়ে ফেলে। এছাড়াও বর্জ্যজীবীদের মূলধনের অভাব, রিসাইক্লিং-এর জন্য যথাযথ প্রযুক্তির অভাব এবং বর্জ্য সামগ্রী পাওয়ার ক্ষেত্রে সমস্যা তাদের জীবিকার সংকটকে আরো তীব্র করে তোলে। কখনও কখনও তাদেরকে টাকার বিনিময়ে বর্জ্য সংগ্রহের সুযোগ বের করে নিতে হয়। এছাড়াও অনেক সময় এমন আপোষও তাদেরকে করতে হয় যা কেবলমাত্র শিশু ও নারীর অধিকার ও সুরক্ষার লঙ্ঘন।

বর্জ্যজীবীরা নিজেদের কোনও রকম সুরক্ষা ব্যবস্থা না নিয়ে বিভিন্ন ধরনের মেডিক্যাল বর্জ্য যেমন: সুঁচ, অস্ত্রপচারের জন্য ব্যবহৃত ছুরি, চিকিৎসায় ব্যবহৃত বিভিন্ন রাসায়নিক পদার্থ ও দ্রবণ, ঔষধ, মানব শরীরের টিস্যু, অঙ্গ-প্রত্যঙ্গ, ভ্রূণ, সংক্রামক বর্জ্য যেমন- রক্ত, শরীরের তরল পদার্থ ইত্যাদি নাড়াচাড়ার ফলে মারাত্মক রোগে আক্রান্ত হয়ে থাকে যার ফলে তারা দ্রুত শারীরিকভাবে অক্ষম হয়ে পড়ে এবং উপার্জন ক্ষমতা হারায়। আশেপাশের ডাস্টবিন এবং ডাম্পসাইটগুলোতে অনিরাপদভাবে মেডিক্যাল বর্জ্য ফেলা হয় যা বিভিন্ন পশু-পাখি ও বর্জ্যজীবীদের আকর্ষণীয় বিচরণক্ষেত্র; ফলে এসব জায়গা বিভিন্ন সংক্রামক রোগের চারণভূমিতে পরিণত হয় (স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ২০১৭)। এভাবেই বর্জ্যজীবীরা তাদের স্বাস্থ্যহানির ফলে এক পর্যায়ে জীবিকাও হারায়। তবে আশা করা যায়, 'বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ২০১০ (সংশোধিত)' এবং 'মেডিক্যাল বর্জ্য (ব্যবস্থাপনা ও প্রক্রিয়াকরণ) বিধিমালা ২০০৮' এর যথাযথ ও কার্যকর বাস্তবায়ন দ্বারা বর্জ্যজীবীদের জীবন ও জীবিকা রক্ষা করা সম্ভব হবে।

ঢাকা শহরের বর্জ্যজীবীরা রাষ্ট্র প্রদত্ত বিভিন্ন সেবা ও অধিকার থেকে বঞ্চিত হলে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা যেমন: দারিদ্র্য বিলোপ (লক্ষ্য-১), ক্ষুধামুক্তি (লক্ষ্য-২), সুস্বাস্থ্য (লক্ষ্য-৩), মানসম্পন্ন শিক্ষা (লক্ষ্য-৪), লিঙ্গ সমতা (লক্ষ্য-৫), বিশুদ্ধ পানি ও পয়োঃনিষ্কাশন (লক্ষ্য-৬), শোভন কাজ ও অর্থনৈতিক প্রবৃদ্ধি (লক্ষ্য-৮), বৈষম্য হ্রাস (লক্ষ্য-১০), টেকসই শহর ও জনপদ (লক্ষ্য-১১), পরিমিত ভোগ ও টেকসই উৎপাদন (লক্ষ্য-১২) এবং জলবায়ু কার্যক্রম (লক্ষ্য-১৩) অর্জন সম্ভব হবেনা। তা সত্ত্বেও বর্জ্যজীবীদের উন্নয়নের জন্য সরকার বা দাতা সংস্থার পক্ষ থেকে এখনও তেমন কোনও কার্যকর উদ্যোগ গ্রহণ করতে দেখা যাচ্ছেনা।

## বর্জ্যজীবীদের শোভন কাজ ও সামাজিক নিরাপত্তার অধিকার

দারিদ্র্য থেকে মুক্তির প্রধান উপায় হল কর্মসংস্থান। কিন্তু এটি তখনই সম্ভব যখন সেই কাজটি হবে শোভন, উৎপাদনশীল, শ্রমিকের জন্য ন্যায্য মজুরি এবং তার অধিকার রক্ষায় সহায়ক। শোভন কাজ দারিদ্র্য বিমোচন এবং আয় বৈষম্য হ্রাসে সরাসরি ভূমিকা পালন করে থাকে।

বাংলাদেশের সংবিধানের ১৫ নং অনুচ্ছেদে বলা হয়েছে, *"রাষ্ট্রের অন্যতম মৌলিক দায়িত্ব হইবে পরিকল্পিত অর্থনৈতিক বিকাশের মাধ্যমে উৎপাদনশক্তির ক্রমবৃদ্ধি সাধন এবং জনগণের জীবনযাত্রার বস্তুগত ও সংস্কৃতিগত মানের দৃঢ় উন্নতিসাধন, যাহাতে নাগরিকদের জন্য (খ) কর্মের অধিকার, অর্থাৎ কর্মের গুণ ও পরিমান বিবেচনা করিয়া যুক্তিসঙ্গত মজুরির বিনিময়ে কর্মসংস্থানের নিশ্চয়তার অধিকার অর্জন নিশ্চিত করা যায়"*। এছাড়াও কোন ব্যক্তির কাজের অধিকার মানবাধিকারের সর্বজনীন ঘোষণা দ্বারা রক্ষিত এবং অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক অধিকারসমূহের আন্তর্জাতিক চুক্তি দ্বারা স্বীকৃত। বাংলাদেশের সংবিধানের ১৫ (ঘ) নং অনুচ্ছেদে *"সামাজিক নিরাপত্তার অধিকার, অর্থাৎ বেকারত্ব, ব্যাধি বা পঙ্গুত্বজনিত কিংবা বৈধব্য, মাতাপিতৃহীনতা বা বার্ধক্যজনিত কিংবা অনুরূপ কোনও পরিস্থিতিজনিত আয়ত্তাতীত কারণে অভাবগ্রস্ততার ক্ষেত্রে সরকারি সাহায্যলাভের অধিকার"*এর কথা আরও বলা হয়েছে। সুতরাং বর্জজীবীদের জন্য শোভন পেশা, টেকসই জীবিকায়ন, সামাজিক নিরাপত্তা, তাদের পেশার আইনি স্বীকৃতি এবং একটি সম্মানজনক পেশা হিসেবে মর্যাদা দানের বিষয়টি তাদের একটি সাংবিধানিক অধিকার।

আন্তর্জাতিক শ্রম সংস্থার শোভন কাজ বিষয়ক আলোচনার বিষয়বস্তুতে উপযুক্ত কাজের বৈশিষ্টসমূহ সম্পর্কে একটি সম্যক ধারণা লাভ করা যায় (আন্তর্জাতিক ট্রেড ইউনিয়ন কনফেডারেশন ২০১২)। আন্তর্জাতিক শ্রম সংস্থার মতে, টেকসই দারিদ্র্য বিমোচন এবং টেকসই উন্নয়নই হল শোভন কাজ ধারণাটির মর্মবস্তু (আন্তর্জাতিক শ্রম সংস্থা ২০১৩)।

## কৌশল: অপ্রাতিষ্ঠানিক খাতের বর্জ্য শ্রমিকদের আইনি স্বীকৃতি এবং সিটি কর্পোরেশন ও পৌরসভা কর্তৃক তাদের প্রাতিষ্ঠানিক চাকুরির সংস্থান

স্থানীয় সরকার (পৌরসভা) অধ্যাদেশ, ২০০৯- এ বলা হয়েছে-*"(৩. ১) রাস্তা, গণ শৌচাগার, মূত্রনালয়, নর্দমা, ভবন ও ভূমি থেকে বর্জ্য সংগ্রহ ও অপসারণের জন্য পৌরসভা যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে... । (৩.৪) পৌরসভা কর্মচারীদের দ্বারা পৌরসভার নিয়ন্ত্রণে ডাস্টবিন ও অন্যান্য*



*বর্জ্যকর্মীরা ঢাকা শহরের বাসাবাড়ি থেকে বর্জ্য সংগ্রহের কাজে নিয়োজিত*

*বর্জ্য ফেলার জায়গা থেকে বর্জ্য অপসারণ করা হবে এবং সংগৃহীত বর্জ্য পৌরসভার সম্পত্তি হিসেবে বিবেচিত হবে (বাংলাদেশ গেজেট, ৫ অক্টোবর ২০১০)।* দেশের রিসাইক্লিং শিল্প, সবুজ অর্থনীতি এবং পরিবেশের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রাখা স্বত্ত্বেও বর্জ্যজীবীরা জাতীয় পরিসংখ্যান ও সামাজিক নিরাপত্তা বেষ্টনী (বয়স্ক ভাতা, প্রতিবন্ধী ভাতা, মাতৃত্বকালীন ভাতা, বিধবা ভাতা, ভিজিএফ/ভিজিডি কর্মসূচি ইত্যাদি) এবং অন্যান্য প্রাতিষ্ঠানিক সুবিধাদি থেকে বাদ পড়ে যাচ্ছে। সুতরাং, বাংলাদেশের নাগরিক হিসেবে শোভন পেশা ও টেকসই জীবিকায়ন নিশ্চিত করার লক্ষ্যে বর্জ্যজীবীদেরকে সিটি কর্পোরেশনে চাকুরি প্রদান এবং তাদের কাজের আইনি স্বীকৃতিদান অপরিহার্য।

## বর্জজীবীদের কাজের আইনি স্বীকৃতি প্রদানের সুবিধাসমূহ

১. অপ্রাতিষ্ঠানিক খাতের বর্জ্যজীবীদের কাজের আইনি স্বীকৃতির ফলে তারা শ্রমিক হিসেবে স্বীকৃতি পাবে যার ফলে জাতীয় শ্রম বিষয়ক ডাটাবেসে একটি পেশাগত গোষ্ঠী হিসেবে তাদের অন্তর্ভুক্তির পথ সুগম হবে।

২. পৌর বর্জ্য ব্যবস্থাপনায় বর্জ্যজীবীদের সরাসরি চাকুরি প্রদান বা আউট কন্ট্রাক্টিং এর মাধ্যমে তাদেরকেই বর্জ্য ব্যবস্থাপনার কাজ দেয়া হলে এক দিকে যেমন নগরের পরিবেশ রক্ষা হবে অন্যদিকে জাতীয় অর্থনীতিতে তাদের অসামান্য অবদান স্বীকৃতি পাবে। উপরন্তু, তাদের জন্য টেকসই জীবিকায়নের পথও সুগম হবে।

৩. বর্জ্যজীবী এবং রিসাইক্লিং শিল্পে নিয়োজিত শ্রমিকদের বিষয়ে অফিসিয়াল তথ্য বর্জ্যজীবীদেরকে পৌর বর্জ্য ব্যবস্থাপনায় অন্তর্ভূক্তিকরণের জন্য কার্যকর নীতি নির্ধারণ ও বাস্তবায়নে নীতি নির্ধারকদের সহায়তা করবে এবং সেই সাথে টেকসই উন্নয়ন লক্ষ্যসমূহ অর্জনে জাতীয় উন্নয়ন পরিকল্পনা প্রণয়নে সহায়ক হবে।

## সুপারিশমালা

১. অপ্রাতিষ্ঠানিক খাতের বর্জ্যজীবীদের সিটি কর্পোরেশন ও পৌরসভাসমূহের পৌর বর্জ্য ব্যবস্থাপনা বিভাগে চাকুরি প্রদানের ব্যবস্থা গ্রহণ করা উচিৎ।

২. বর্জ্যজীবীরা অত্যন্ত ক্ষতিকর এবং বিপদাপন্ন পরিবেশে কোনও রকমের পেশাগত সুরক্ষা বা দক্ষতা ছাড়াই কাজ করে থাকে; তাই ঢাকা সিটি কর্পোরেশন এবং অন্যান্য উন্নয়ন সহযোগী সংস্থা কর্তৃক তাদের জন্য সেফটি ইকুইপমেন্ট ও সুরক্ষা প্রশিক্ষণ প্রদান করা প্রয়োজন।

৩. বাসা-বাড়ির বর্জ্য সংগ্রহ ও অপসারণে নিয়োজিত শ্রমিকরা যেন সেফটি ইকুইপমেন্ট, সুরক্ষা প্রশিক্ষণ এবং আইনি স্বীকৃতির সাথে প্রাতিষ্ঠানিক শ্রমিক হিসেবে কাজ করতে পারে, ঢাকা সিটি কর্পোরেশন সে বিষয়ে পদক্ষেপ নিতে পারে।

৪. দারিদ্র্য, অসুস্থতা বা দুর্ঘটনার কারণে বর্জ্যজীবীরা অর্থনৈতিকভাবে মারাত্মক ক্ষতির সম্মুখীন হয় এবং এই ক্ষতির কারণে তারা বার বার নিঃস্ব হয়ে যায়। তাই সরকার কর্তৃক বর্জ্যজীবীদের জন্য একটি বিশেষ নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি গ্রহণ করা প্রয়োজন।

৫. বর্জ্যজীবীরা মূলত শিশু বর্জ্যজীবীরা শিক্ষা, কারিগরি ও বৃত্তিমূলক প্রশিক্ষণ ও স্বাস্থ্য সেবার সুযোগ থেকে বঞ্চিত। এমতাবস্থায়, বর্জ্যজীবীদের মানব উন্নয়নের লক্ষ্যে সরকারের বিশেষ বাজেট বরাদ্দ রাখা প্রয়োজন।

৬. বর্জ্যজীবীদের জন্য বর্জ্য পুনঃচক্রায়ন বা রিসাইক্লিং বিষয়ক প্রশিক্ষণ, বর্জ্য ব্যবস্থাপনার জন্য লাগসই প্রযুক্তির ব্যবহার ইত্যাদির উপর প্রশিক্ষণ এবং বর্জ্যজীবী ও ক্ষুদ্র রিসাইক্লিং ব্যবসায়ীদের জন্য উদ্যোক্তা উন্নয়নের সুযোগ দিতে হবে। যার ফলে বর্জ্যজীবীদের জন্য শোভন কর্মসংস্থান ও টেকসই শহর সৃষ্টির পথ সুগম হবে।

৭. সরকারের দ্রুত Solid Waste Management Rules চূড়ান্ত করে ও তা বাস্তবায়ন করে বর্জ্যজীবীদের কাজের মান সুনিশ্চিত করার মাধ্যমে তাদের স্বাস্থ্য ও জীবিকা সুরক্ষা করা জরুরী।

## তথ্যসূত্র


1. Bangladesh Gazette (5th October 2010). Ordinance issued for the amendment of local government (municipality) ordinance, 2009
2. Dhaka Tribune (17 January 2014). *Battery recycling ruining children's lives*, Dhaka, Bangladesh.
3. Dhaka Tribune (22 November 2014). *Rags to riches: The prospects of recycled RMG by-products*, Dhaka.
4. Dhaka Tribune (29 September 2015). *Making millions from dustbins*, Dhaka, Bangladesh.
5. Department of Environment, MoEF, GoB (2009). *National 3R Strategy for Waste Management*, Dhaka.
6. Enayetullah, Iftekhar & et al. (2006). *Report on Composition of Plastic Waste and Market Assessment of the Plastic Recycling Sector in Dhaka City*, Waste Concern and Katalyst, Dhaka.
7. Govt. of Bangladesh. *The Bangladesh Environment Conservation (Amendment) Act 2010.*
8. Govt. of Bangladesh. *Medical waste (management and processing) Rule, 2008*
9. International Covenant on Economic, Social and Cultural Rights
10. International Trade Union Confederation (2012). *Decent Work in the Post-2015 Development Agenda*, Briefing note, Brussels, Belgium.
11. ILO (2013). Decent work indicators: guidelines for producers and users of statistical and legal framework indicators: ILO Manual, Geneva.
12. Maksud, A K M (2010). *Inhumane Conditions of the Waste Pickers of Dhaka City*, Grambangla Unnayan Committee, Dhaka, Bangladesh.
13. Maksud, A K M, et al. (2017). *Waste Pickers and Recycling Industry of Dhaka City*, Grambangla Unnayan Committee, Dhaka, Bangladesh.
14. Medina, Martin (2007). *The World's Scavengers: Salvaging for Sustainable Consumption and Production*, UK.
15. Ministry of Health and Family Welfare (MOHFW), Government of the People's Republic of Bangladesh (2017). *Environmental Management Framework.*
16. প্রথম আলো (১৮ সেপ্টেম্বর ২০১৭), *ঢাকায় ২৪০ কোটি টাকার ময়লা-বাণিজ্য: নিয়ন্ত্রণ করছেন ক্ষমতাসীন দলের নেতা-কর্মীরা*, ঢাকা।
17. The Daily Star (21 December 2017). *Waste, but not useless*, Dhaka.
18. The Financial Express (18 Nov 2016). *Export of plastic goods fetches $49.18 million in four months*, Dhaka.
19. The Independent (9 August 2017). *DoE Drafts Solid Waste Management Rules with provision of fine*, Dhaka, Bangladesh.
20. The Constitution of the Peoples' Republic of Bangladesh
21. United Nations ESCAP (2011). *Enabling Environment for the Successful Integration of Small and Medium-sized Enterprises in Global Value Chains: Country Studies on Bangladesh, Nepal and Sri Lanka*, Thailand.
22. Universal Declaration of Human Rights
23. Waste Concern, MoEF and UNDP. *Lead Acid Battery Recycling in Bangladesh*, Dhaka, Bangladesh.
24. WIEGO. *Waste Pickers: The Right to Be Recognized as Workers*, USA.



GRAMBANGLA Unnayan Committee

**গ্রামবাংলা উন্নয়ন কমিটি**

বাড়ী নং- ৯৩, রোড নং-১ (দ্বিতীয় তলা), মোহাম্মদীয়া হাউজিং সোসাইটি, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭, বাংলাদেশ

ই-মেইল: grambangla@yahoo.com, ওয়েব: www.grambanglabd.org

ফোন: +৮৮-০২-৮১০৫০০০, +৮৮০১৭১৫০২০০৫৫